



Cosmo School

এসাইনমেন্ট (১ম পর্ব) - ২০২০

শ্রেণিঃ ৭ম

বিষয়ঃ সাইন্স অব লিডিং

সময়ঃ ১ ঘন্টা ৩০ মিনিট

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, প্রশ্নের উত্তর লেখার সময় বিশেষ করে শূন্যস্থান পূরণের ক্ষেত্রে বইয়ের সাহায্য নিব না। বিশ্লেষণাত্মক প্রশ্নের উত্তর লেখার সময় যে কারো সাথে প্রয়োজনে আলোচনা করে লেখা যাবে।

ক) শূন্যস্থান পূরণ করঃ

১। মা-বাবার সাথে মতের অমিল হলেও \_\_\_\_\_ করব না। \_\_\_\_\_ সাথে নিজের অভিমত তুলে ধরব।

২। পরিবারে কোনো বিষয়ে বাড়াবাড়ি না করে \_\_\_\_\_ দিতে আন্তরিক হব।

৩। বাসায় প্রবেশের সময় মনে মনে বলব \_\_\_\_\_।

৪। বাসার ডানে-বামে-উপরে-নিচে-সামনে-পিছনে \_\_\_\_\_ ঘর প্রতিবেশী।

৫। বয়স বুঝে \_\_\_\_\_ ও \_\_\_\_\_ উপযোগী পোশাক নির্বাচন করব।

৬। প্রথম পরিচয়ে যে কাউকে \_\_\_\_\_ বা \_\_\_\_\_ বলা থেকে বিরত থাকব।

৭। যে পরিবেশে যে \_\_\_\_\_ তা মেনে চলব।

৮। আন্তরিক \_\_\_\_\_ কখনোই কোনো বিনিময় বা প্রতিদান প্রত্যাশা করে না।

৯। শ্রেণিকক্ষে শিক্ষকের সাথে ভিন্নমত হলেও ক্লাসে \_\_\_\_\_ পরিহার করব।

১০। শিক্ষাপ্রতিষ্ঠানের ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখতে নিজের \_\_\_\_\_, \_\_\_\_\_ ও \_\_\_\_\_ ব্যাপারে সচেতন থাকব।

১১। ইন্টারনেট দিনের একটি \_\_\_\_\_ সময়ে ব্যবহার করব।

১২। অন্য ধর্মের আচার অনুষ্ঠান সম্পর্কে \_\_\_\_\_ মন্তব্য করা থেকে বিরত থাকব।

১৩। যেকোনো ধর্মের উপাসনালয়কে \_\_\_\_\_ দৃষ্টিতে দেখব।

১৪। কারো রান্নার \_\_\_\_\_ করা থেকে বিরত থাকব।

১৫। \_\_\_\_\_ হিসেবে এতো বেশি সময় থাকব না যাতে মেজবানের অসুবিধা হয়।

খ) উত্তর দাওঃ

১। দীপ্ত ৭ম শ্রেণির একজন শিক্ষার্থী। প্রায় প্রতিদিন তার স্কুলে যেতে দেরি হয়। কারণ স্কুলে যাওয়ার আগ মুহূর্তে জুতো খুঁজে পাওয়া যায়না। জুতো খুঁজতে প্রতিদিন সময় নষ্ট হয় আর স্কুলে দেরি হয়। স্কুল থেকে আসার পর জুতোটা খুলে যেখানে সেখানে ফেলে রাখার কারণে তার প্রায় প্রতিদিন স্কুলে দেরি হয়।

তোমার পঠিত শুদ্ধাচার বইয়ের কোন কোন পয়েন্ট ঘটনার সাথে প্রাসঙ্গিক বলে মনে হয়? পয়েন্টগুলো উপরের ঘটনার আলোকে তালিকা তৈরি কর।

২। তনিমার অর্ধবার্ষিক পরীক্ষা চলছে। তার দাদু গ্রাম থেকে এসেছে চিকিৎসার জন্য। হাঁটতে কষ্ট হয় কারণ হাঁটুতে ব্যথা। তনিমার পড়ার সময় ওর দাদু এসে জানতে চাইলেন পরীক্ষা শেষ কবে? তনিমা বলল, আগামী বুধবার। কিছুক্ষণ পর এসে আবার একই প্রশ্ন করলেন দাদু। তনিমার জবাব একই। আরো কিছু সময় পর এসে আবার জানতে চাইলেন পরীক্ষা শেষ কবে? এবার তনিমা একটু রাগের সাথে উচ্চস্বরে জবাব দিল, "বলেছি কতবার। বারবার একই প্রশ্ন কেন করছ? তোমার না হাঁটুতে ব্যথা তাহলে কেন বারবার এসে বিরক্ত করছ? যাও! আমার ঘরে আর আসবে না।"

তোমার কি মনে হয় তনিমা তার দাদুর সাথে এরকম আচরণ ঠিক হয়েছে? একজন বয়োজ্যেষ্ঠ মানুষের সাথে কেমন ব্যবহার করা উচিত বলে তুমি মনে কর? উপরের ঘটনার আলোকে ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর। \*\*\*\*\*

৩। সাদিদ সবসময় আর্টিসান, রেড, আড়ং থেকে কেনা পোশাক পরতে চায়। এসব জায়গার পোশাক ছাড়া সে অন্যকোন জায়গার পোশাক পরে না। কারণ সে ভাবে এগুলো ছাড়া তার ভাবমূর্তি ঠিক থাকবে না বন্ধুদের সামনে। আসলে 'ব্র্যান্ডের পোশাক পরতে হবে'— এটা কোন ধরনের মানসিকতার পরিচয় বহন করে? এ ধরনের মানসিকতা পরিহার করে পোশাক নির্বাচনের ক্ষেত্রে কোন কোন বিষয়ের উপর প্রাধান্য দেয়া উচিত? উপরের ঘটনার আলোকে ৫ মিনিটের আলোচনার স্ক্রিপ্ট লিখ।

৪। শামসুল হক সাহেব একটি বিদ্যালয়ের গণিত শিক্ষক হিসেবে নতুন জয়েন করেছেন। তিনি তার প্রথম ক্লাসে ঢুকে নিজের পরিচয় দিতেই শিক্ষার্থীরা হো হো করে একসাথে হেসে উঠল। শামসুল হক সাহেব একটু বিব্রতবোধ করলেও পরিস্থিতি সামলে নিলেন। এরপর তিনি পড়াতে শুরু করলেন। এমন সময় এক শিক্ষার্থী বলে উঠল আমাদের জাকির স্যার আরো ভালো করে বুঝাতেন। এটাও সামলে নিয়ে তিনি এগোচ্ছেন। হঠাৎ করে এক শিক্ষার্থী প্রশ্ন করে উঠল স্যার আপনার মাথা টাক কেন? এবার রীতিমত অপ্রস্তুত! এর একটু পরে ঘন্টা বেজে উঠল এবং তিনি বের হয়ে গেলেন।

এই ঘটনায় শিক্ষার্থীরা কোন ধরনের শৃঙ্খলা ভঙ্গ করেছে? শিক্ষার্থী হিসেবে শিক্ষকের

সাথে কোন ধরনের শুদ্ধাচার অনুসরণ করা উচিত তা ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর। \*\*\*\*\*

৫। "যত সীমাবদ্ধতাই থাকুক - নিজ শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক শিক্ষককে সম্মান করুন, ভালবাসুন।"—কথাটি তোমার শিক্ষা প্রতিষ্ঠানের আলোকে ব্যাখ্যা কর। \*\*\*\*\*

৬। তোমার জীবনের অর্জন কাদের বিসর্জনের ফসল? কীভাবে তুমি তাদের অবদান স্মরণ করবে? \*\*\*\*\*

\*\*\*উত্তরপত্র ১৯ মে, ২০২০ এর মধ্যে (samia.cosmo20@gmail.com) এই ঠিকানায় পাঠিয়ে দিতে হবে।